বাংলা ১ম পত্র (সৃজনশীল)
বিষয় কোড - 101
সময়-২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য**: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ-গদ্য থেকে ন্যূনতম **দুটি**, খ বিভাগ-কবিতা থেকে ন্যূনতম **দুটি**, গ বিভাগ-উপন্যাস ও ঘ বিভাগ-নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

prosnobd.com

বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)
বিষয় কোড - 101
সময় - ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

১। "মৃত্যুঞ্জয় থার্ড ক্লাসে পড়িত।"-তৎকালীন থার্ড ক্লাস বর্তমান কোন শ্রেণি?
(ক) সপ্তম (খ) অষ্টম (গ) নবম (ঘ) দশম

নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও:
পলাশের বাবার মোটা টাকার যৌতুকের দাবির কারণে পলাশের বিয়ে ভেঙে যেতে বসল। তবে বাবার অনুগত সন্তান হওয়া সত্ত্বেও পলাশ শেষ পর্যন্ত বিনা যৌতুকে শিলাকে বিয়ে করে আনল।

২। উদ্দীপকের পলাশের বাবার আচরণ 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রকে স্মরণ করিয়ে দেয়?
(ক) অনুপমের মামা (খ) শম্ভুনাথ সেন
(গ) উকিল বাবু (ঘ) বিনুদা

৩। উদ্দীপকের পলাশ চরিত্রের কোন বৈশিষ্ট্যটি 'অপরিচিতা' গল্পের অনুপমের মধ্যে থাকলে বিয়ে ভাঙত না?
(ক) দায়িত্বজ্ঞান (খ) ব্যক্তিত্ববোধ
(গ) সুশিক্ষা (ঘ) আনুগত্য

৪। 'আমার পথ' প্রবন্ধে মূলত কোন দিকটি প্রকাশ পেয়েছে?
(ক) পরাবলম্বন (খ) দেশপ্রেম
(গ) সত্যের স্বরূপ (ঘ) ত্যাগের মহিমা

৫। ছাত্রজীবনে আবুল ফজল কোন আন্দোলনে যুক্ত হন?
(ক) ভাষা আন্দোলন (খ) স্বৈরাচার বিরোধী আন্দোলন
(গ) স্বদেশি আন্দোলন (ঘ) বুদ্ধির মুক্তি আন্দোলন

**নিচের উদ্দীপকটি পড়ে ৬নং প্রশ্নের উত্তর দাঁও:**
এই পৃথিবীতে দরিদ্র জনসংখ্যাই বেশি। এই দরিদ্র জনগোষ্ঠীর নিত্যসঙ্গী দুঃখ-দারিদ্র্য। নিজেদের দারিদ্র্য বিমোচনের জন্য চেষ্টা না করে তারা প্রায়ই হাত পাতে ধনী দেশগুলোর কাছে।

৬। উদ্দীপকে 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?
(ক) মর্যাদা সচেতনতা (খ) বিবেকবোধ জাগ্রত করা
(গ) আত্মমর্যাদার বিষয়ে অবহেলা (ঘ) মানবিক চেতনার বিকাশ

৭। 'মাসি-পিসি' গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?
(ক) ভারতী (খ) সবুজপত্র
(গ) মাসিক মোহাম্মদী (ঘ) পূর্বাশা

৮। 'মাসি-পিসি' গল্পে প্রকাশ পেয়েছে-
i. নারীর লাঞ্ছনার চিত্র ii. তৎকালীন সমাজ বাস্তবতা
iii. প্রান্তিক জীবনের অসহায়ত্ব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**
মালিক পক্ষের নিপীড়ন, শোষণ, বঞ্চনা থেকে মুক্তি ও বেতন বৃদ্ধির দাবিতে বাওয়ানি টেক্সটাইল মিলের শ্রমিকগণ আমরণ অনশন-ধর্মঘট শুরু করে। অত্যাচার ও শোষণের অবসান না হলে শ্রমিকরা আমৃত্যু অনশন চালিয়ে যাবে।

৯। উদ্দীপকের মালিক পক্ষের সাথে 'বায়ান্নর দিনগুলো' রচনার কার সাথে মিল রয়েছে?
(ক) পাকিস্তান সরকারের (খ) জেল কর্তৃপক্ষের
(গ) রাজনীতিবিদদের (ঘ) কারা পুলিশের

১০। উদ্দীপকের মূলভাব 'বায়ান্নর দিনগুলো' রচনার কোন বাক্যে প্রতিফলিত হয়েছে?
(ক) মুক্তি দিলে খাব, না দিলে খাব না
(খ) অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মরতে পারি, সে মরাতেও শান্তি আছে।
(গ) এভাবে মৃত্যুবরণ করে কি কোনো লাভ হবে?
(ঘ) তাদের কথা হলো মরতে দিব না।

১১। মিলিটারির চাবুকের আঘাত নুরুল হুদার কাছে কী বলে মনে হয়েছে?
(ক) অসহ্য যন্ত্রণা (খ) স্রেফ উৎপাত
(গ) অসহ্য অত্যাচার (ঘ) অমানবিক অত্যাচার

১২। নূরুল হুদাকে পাকিস্তানি হানাদার বাহিনীর তলব করার কারণ কী?
i. মুক্তিযোদ্ধাদের সন্ধান পেতে ii. মুক্তিযোদ্ধা সন্দেহে
iii. মুক্তিযোদ্ধার সহযোগী সন্দেহে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩। 'সোনার তরী' কবিতায় কৃষককে তরীতে নিতে না চাওয়ার কারণ--
(ক) অপরিচিত বলে (খ) তরীটি ছোট
(গ) মঞ্চি উদ্বিগ্ন থাকায় (ঘ) দুর্যোগের কারণে

১৪। 'সোনার তরী' কবিতায় মাঝির আচরণে কী প্রকাশ পেয়েছে?
(ক) ছলনার অভিনয় (খ) চরম বাস্তবর্তা
(গ) নির্বিকারত্ব ও নিরাসক্তি (ঘ) চপলতা

১৫। "ডেকেছে কি সে আমারে? শুনি নাই রাখিনি সন্ধান।" - এখানে 'সে' কে?
(ক) কবিভক্ত (খ) কবির প্রিয়জন
(গ) শীতঋতু (ঘ) বসন্ত ঋতু

১৬। "সেই ফুল আমাদেরই প্রাণ।" -এখানে 'ফুল' বলতে বোঝানো হয়েছে---
(ক) বাংলা ভাষা (খ) বাংলাদেশ
(গ) একুশের কৃষ্ণচূড়া (ঘ) শহিদের রক্তের বুদবুদ

**উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
আপদ আছে, জানি আঘাত আছে
তাই জেনে তো বক্ষে পরাণ নাচে।

১৭। উদ্দীপকে আঠারো বছর বয়সের কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে?

prosnobd.com

(ক) সাহসিকতা (খ) হীনম্মন্যতা
(গ) শৃঙ্খলাবোধ (ঘ) নিশ্চয়তা

১৮। উদ্দীপকের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার যে চরণের ভাবের সাথে মিল রয়েছে-
i. দুর্যোগে হাল ঠিকমতো রাখা তার
ii. প্রাণ দেওয়া-নেওয়ায় ঝুলিটা থাকে না শূন্য
iii. বিপদের মুখে এ বাসে অগ্রণী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় যে কবিতা শুনতে জানে না, সে কী শুনবে?
(ক) সমুদ্রের গর্জন (খ) ঝড়ের আর্তনাদ
(গ) শ্বাপদের ভয়াবহতা (ঘ) অস্ত্রের ঝনঝনানি

২০। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবি বলে গেছেন-
i. উচ্চারিত সত্যের মতো স্বপ্নের কথা
ii. প্রবহমান নদীর কথা iii. উজ্জ্বল জানালার কথা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১। "সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?" 'সিরাজউদ্দৌলা' নাটকে উক্তিটি কার?
(ক) মীরজাফর (খ) উমিচাঁদ
(গ) জগৎশেঠ (ঘ) ঘসেটি বেগম

২২। ঘসেটি বেগমের বাড়িতে হঠাৎ নবাব উপস্থিত হলে সবাই---
i. অভিবাদন জানাল ii. হকচকিয়ে গেল
iii. সতর্ক হলো
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩। 'সিরাজউদ্দৌলা' নাটকে প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের স্থান কোনটি?
(ক) ফোর্ট উইলিয়াম আহাজ (খ) নবাবের দরবার
(গ) ঘসেটি বেগমের বাড়ি (ঘ) ফোর্ট উইলিয়াম দুর্গ

২৪। "সজ্ঞানে না জানলেও তারা একাট্টা, পথ তাদের এক।"- এখানে কার কার একাট্টা হওয়ার কথা বোঝানো হয়েছে?
(ক) মজিদ ও খালেক ব্যাপারীর (খ) জমিলা ও রহিমার
(গ) তাহের ও কাদেরের (ঘ) মতলুব খাঁ ও আওয়ালপুরের পীরের

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫নং প্রশ্নের উত্তর দাও:**
শেফালির বাবা-মার মধ্যে সারাদিন ঝগড়া-দ্বন্দ্ব লেগেই থাকে। বাবা-মায়ের এই কাজে সে অতিষ্ঠ হয়ে গ্রামের চেয়ারম্যানের কাছে বিচার দেয়। চরিত্রহীন চেয়ারম্যানের লোলুপদৃষ্টি সেফালির পরিবারটিকে ধ্বংস করে দেয়।

২৫। উদ্দীপকের পরিবারের সাথে 'লালসালু' উপন্যাসের কোন পরিবাবের সাদৃশ্য রয়েছে?
(ক) দুদু মিয়ার (খ) হাসুনির মায়ের
(গ) আক্কাসের (ঘ) খালেক ব্যাপারীর

২৬। 'লালসালু' উপন্যাস প্রথম প্রকাশিত হয় কত সালে?
(ক) ১৯৪৬ (খ) ১৯৪৭ (গ) ১৯৪৮ (ঘ) ১৯৫০

২৭। 'বিদ্রোহী' কবিতায় পাণহৃত ঐতিহাসিক চরিত্র কোনটি?
(ক) অর্ফিয়াস (খ) ইস্রাফিল
(গ) নটরাজ (ঘ) চেঙ্গিস

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮নং প্রশ্নের উত্তর দাও:**
মহাজনের কাছ থেকে টাকা নিয়ে লতিফ একটি চায়ের দোকান দিয়েছে। সাপ্তাহিক সুদ দিতে দিতেই সে হয়রান। ব্যবসা তার লাটে উঠার অবস্থা। গ্রামে লতিফের মতো অনেকেই মহাজনের অত্যাচারে জর্জরিত। একদিন লতিফের নেতৃত্বে সবাই মহাজনের বিরুদ্ধে ফুসে উঠে।

২৮। উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
(ক) প্রতিশোধ পরায়ণতা (খ) উচ্চশ্রেণির অত্যাচার
(গ) বিদ্রোহী চেতনা (ঘ) অসাম্প্রদায়িকতা

২৮। 'প্রতিদান' কবিতায় কেমন রজনী জাগার কথা বলা হয়েছে?
(ক) দুঃখের (খ) দীঘল (গ) শংকার (ঘ) শীতের

৩০। 'প্রতিদান' কবিতার মূল উপজীব্য হলো-
i. ক্ষমাশীলতা ii. উদারতা iii. পরার্থপরতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

prosnobd.com